

ওয়ার্ড লেবেল কো অর্ডিনেশন কমিটি

২৬ নং ওয়ার্ড

সভার কার্য বিবরণী

সভা নং-০১

সভার তারিখ ও সময়ঃ ১০ এপ্রিল ২০২৩ ইং তারিখ রাত ৯.০০ ঘটিকা।

স্থানঃ কাউন্সিলর কার্যালয়, ২৬ নং ওয়ার্ড, সিলেট সিটি কর্পোরেশন।

সভাপতিঃ জনাব মোহাম্মদ তৌফিক বকস, কাউন্সিলর, ২৬ নং ওয়ার্ড ও প্যানেল মেয়র-১, সিলেট সিটি কর্পোরেশন।

বিশেষ অতিথিঃ জনাব ব্রজ কিশোর ত্রিপুরা, সিটি কর্পোরেশন পর্যায়ে, সমন্বয়ক, জাইকা।

আলোচ্য সূচীঃ ওয়ার্ডের পরিষ্কার পরিচ্ছন্নতা ও বর্জ্য ব্যবস্থাপনা,

সভাপতি মহোদয় ওয়ার্ড লেবেল কো অর্ডিনেশন কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করার মাধ্যমে সভায় স্বাগত জানান। সভাপতি মহোদয় বিশেষ অতিথি সহ কমিটির সকল সদস্য বৃন্দকে সভায় আলোচ্য বিষয়ে উন্মোক্ত আলোচনার আহ্বান জানান।

জনাব ব্রজ কিশোর ত্রিপুরা WLCC এর কার্যক্রম বিষয়ে সভাকে অবহিত করেন। প্রতি তিনমাস পরপর WLCC এর সভা করার আহ্বান জানান। WLCC এর সকল কার্যক্রম সিলেট সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে আপলোড করার জন্য তিনি অনুরোধ জানান।

জনাব এম এ মালেক বলেন, ওয়ার্ডে ড্রেনেজ ব্যবস্থার যথেষ্ট উন্নয়ন হয়েছে, এসব ড্রেন বা রাস্তা ঘাটে নাগরিকবৃন্দ যাহাতে ময়লা আবর্জনা না ফেলে সে ব্যাপারে জনসচেতনতার কোন বিকল্প নেই।

জনাব ওয়ার্ড সচিব সুলতান আহমদ বলেন, অন্যান্য অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের মত প্রতিবছর প্রকল্প প্রস্তুত করে টেন্ডার পত্রিকার মাধ্যমে আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিলেট সিডিসি টাউন ফেডারেশন এর সেক্রেটারী জনাবা তাসলিমা বেগম বলেন, ওয়ার্ড পর্যায়ে সিলেট সিটি কর্পোরেশন, সফল ব্যবসায়ী ও বিত্তশালী নাগরিকবৃন্দের দান অনুদানে একটি ফান্ড গঠন সম্ভব হলে WLCC বেগবান হবে।

বীর মুক্তিযোদ্ধা জনাব রফিকুল হক বলেন, আমাদের সকল শ্রেনীপেশার মানুষের ঐক্যবদ্ধ সচেতনতার মাধ্যমে পরিষ্কার পরিচ্ছন্ন নগরী গড়ে তোলা সম্ভব। তিনি প্রত্যেক নাগরিকের “আমার কোন কাজে আমি নিজের ও মানুষের ক্ষতি করিব না” এ বিষয়ে অঙ্গিকারাবদ্ধ হওয়ার উপর গুরুত্ব আরোপ করেন।

কাউন্সিলর জনাব মোঃ তৌফিক বকস বলেন, “স্মার্ট বাংলাদেশ” গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ভিশন। এ লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছেন। সকল শ্রেনী পেশার মানুষকে স্মার্ট হওয়ার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। এজন্য জনসচেতনতার কোন বিকল্প নেই। সিলেট সিটি কর্পোরেশন পরিষ্কার পরিচ্ছন্নতা ও বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে কাজ করছে। সিটি কর্পোরেশন এ ব্যাপারে আরো ও ইতিবাচক ও জনকল্যানমুখি কর্মসূচী গ্রহন ও বাস্তবায়ন করিবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সিদ্ধান্ত সমূহঃ

১। স্কুল ছাত্রছাত্রীদের নিয়ে মে ২০২৩ এ পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে একটি র্যালী করার সিদ্ধান্ত গৃহিত হয়।


২। প্রতি তিনমাস পরপর WLCC এর সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। WLCC এর পরবর্তী ত্রৈমাসিক সভা ১০ জুলাই ২০২৩ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত হইবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

৩। জুন ২০২৩ খ্রিঃ এ কলোনী মালিকদের নিয়ে পরিষ্কার পরিচ্ছন্নতা ও বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে WLCC দুটি উঠান বৈঠক করার সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। WLCC এর সভার কার্যবিবরণী ও সকল কার্যক্রম ছিঁরচিত্র সহ লেট সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে ওয়ার্ড সচিব কার্যকর ব্যবস্থা গ্রহন করিবেন।

৫। ওয়ার্ড পর্যায়ে WLCC এর আলাদা ফান্ড গঠন করার ব্যাপারে করণীয় নির্ধারণ ও পরবর্তী সভায় তাহা উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভার মূলতবী ঘোষণা করা হয়।

  
২০২৩/০৪/১০  
মোহাম্মদ তৌফিক বকস  
ভারপ্রাপ্ত মেয়র  
সিলেট সিটি কর্পোরেশন







